বিএনপির ভূমিকা ফ্যাসিবাদী শাসনের ইঙ্গিত দিচ্ছে: মিয়া গোলাম পরওয়ার

বগুড়া-৬ (সদর) আসনের উপনির্বাচনে জামায়াতে ইসলামীর প্রার্থী ইশতেহার ঘোষণা জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

রোববার বগুড়া-৬ (সদর) আসনের উপনির্বাচনে জামায়াত প্রার্থী আবিদুর রহমান সোহেলের ইশতেহার ঘোষণার সভায় মিয়া গোলাম পরওয়ার এসব মন্তব্য করেন।

তিনি বলেন, অন্তর্বর্তী সরকারের সময় ৩৩টি রাজনৈতিক দলের আলোচনায় 'জুলাই সনদ' চূড়ান্ত হয়। পরে রাষ্ট্রপতির আদেশে সংসদ নির্বাচন ও গণভোট আয়োজনের মাধ্যমে এর বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হয়। ঐকমত্য কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচিত সংসদ সদস্যদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়ার কথা থাকলেও বিএনপি তা মানেনি।

তার অভিযোগ, বিএনপি এখন সংস্কার আদেশ বাতিলের দাবি তুলে গণভোটকেই অস্বীকার করছে, যা প্রায় পাঁচ কোটি ভোটারের রায়কে প্রশ্নবিদ্ধ করে। তিনি দাবি করেন, গণভোটে 'হ্যাঁ' ভোটের মাধ্যমে জনগণ সংস্কারের পক্ষে অবস্থান জানিয়েছে, কিন্তু বিএনপি ফল মেনে নিতে পারছে না।

উপনির্বাচনের পরিবেশ নিয়ে তিনি বলেন, সরকারি দলের সমর্থকদের কারণে জামায়াত নেতাকর্মীরা চাপ ও হুমকির মুখে রয়েছেন এবং সুষ্ঠু নির্বাচনের পরিবেশ নিশ্চিত করা জরুরি।

সভায় জাগপার সিনিয়র সহ-সভাপতি রাশেদ প্রধানও বিএনপির অবস্থানের সমালোচনা করেন।